

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৮/২০১৫

অভিযোগকারী : জনাব পান্নালাল বাশফোর
পিতা-গনেশ চন্দ্র বাশফোর
ফেয়ার, ৪৫/১ আর এ খাঁন চৌধুরী
সড়ক, (ছয়রাস্তার মোড়)
থানাপাড়া, কুষ্টিয়া।

প্রতিপক্ষ : জনাব মোঃ সামছুল আলম
সমাজসেবা অফিসার (রেজিঃ)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সমাজসেবা অধিদপ্তর
পাবনা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৯-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর ০৯-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর, পাবনা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ২০১৩-১৪ অর্থ বছরে দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় আপনার জেলায় প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চতর স্তরে যে সকল শিক্ষার্থীদের শিক্ষাভাতা প্রদান করা হয়েছে তাদের নাম ঠিকানাসহ মাস্টাররোলের ফটোকপি।
- ২০১৩-১৪ অর্থ বছরে দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় আপনার জেলায় যে সকল ৫০ বছর বা তার উর্দে অক্ষম/দুঃস্থদের বিশেষ ভাতা প্রদান করা হয়েছে তাদের নাম ঠিকানাসহ মাস্টাররোলের ফটোকপি।
- ২০১৩-১৪ অর্থ বছরে দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় আপনার জেলায় যে সকল দলিত ও হরিজন ব্যক্তিকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে তাদের নাম ঠিকানাসহ মাস্টাররোলের ফটোকপি।
- এই কর্মসূচি বাস্তবায়নে জেলা কমিটির সদস্যদের নামের তালিকাসহ মিটিং এ গৃহীত সিদ্ধান্তসমূহ।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৫-১২-২০১৪ তারিখে আপীল কর্মকর্তা, জেলা সমাজসেবা কার্যালয়, পাবনা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৯-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগ প্রত্যাহারের জন্য তথ্য কমিশনে আবেদন প্রেরণ করে গরহাজির। প্রতিপক্ষ জনাব মোঃ সামছুল আলম, সমাজসেবা অফিসার (রেজিঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমাজসেবা কার্যালয়, পাবনা গরহাজির।

(অ: পূ: দ্র:)

পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, জনাব মোঃ সামছুল আলম, সমাজসেবা অফিসার (রেজিঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমাজসেবা কার্যালয়, পাবনা অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

সিদ্ধান্ত।

যেহেতু, জনাব মোঃ সামছুল আলম, সমাজসেবা অফিসার (রেজিঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমাজসেবা কার্যালয়, পাবনা অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার